

কম্বোতে অবতরণের সময় উড়োজাহাজে ভয়াবহ আগুন

- A Monitor Desk Report

Date: 19 November, 2025



ঢাকাঃ আফ্রিকার দেশ ডেমোক্রেটিক রিপাবলিক অব কম্বোতে (ডিআর কম্বো) ভয়াবহ এক উড়োজাহাজ দুর্ঘটনায় অল্পের জন্য প্রাণে বেঁচে গেছেন দেশটির শিল্প ও ক্ষুদ্র-মাঝারি উদ্যোক্তা বিষয়ক মন্ত্রী লুই ওয়াতুম কাবায়া এবং তার সঙ্গে থাকা ১৯ জন সঙ্গী।

উড়োজাহাজটি অবতরণের সময় রানওয়ে থেকে ছিটকে পড়ে আগুন ধরে গেলে এ ঘটনা ঘটে।

সোমবার (১৭ নভেম্বর) সকালে লুয়ালাবা প্রদেশের কোলওয়াজি বিমানবন্দরে চার্টার্ড উড়োজাহাজটি অবতরণের চেষ্টা করার সময় দুর্ঘটনায় পড়ে। উড়োজাহাজের চাকা রানওয়েতে স্পর্শ করার সঙ্গে সঙ্গে আগুন ধরে যায় এবং মুহূর্তের মধ্যে নিয়ন্ত্রণ হারিয়ে উড়োজাহাজটি কঁপতে থাকে।

দুর্ঘটনার পরপরই দ্রুততার সঙ্গে মন্ত্রিসহ সব যাত্রীকে নিরাপদে বের করে আনা হয়। তাদের নামানোর কয়েক সেকেন্ডের মধ্যেই উড়োজাহাজের পেছনের অংশে ভয়াবহ অগ্নিকাণ্ড ঘটে এবং চারপাশ ঘন কালো ধোঁয়ায় ঢেকে যায়। নিজেকে বাঁচাতে দৌড়াতে দেখা যায় যাত্রীদের।

বিমানবন্দর কর্তৃপক্ষ জানিয়েছে, অবতরণের সময় উড়োজাহাজের চাকা পিছলে যাওয়ার কারণেই আগুন ধরে যায়। ঘটনাটি তদন্ত করা হচ্ছে।

মন্ত্রী লুই ওয়াতুম কাবায়া উপদেষ্টা আইজ্যাক নেইম্বো স্থানীয় গণমাধ্যমকে জানিয়েছেন, আগুন লাগার ঠিক আগে সবাইকে নিরাপদে নামিয়ে আনতে সক্ষম হওয়ায় বড় ধরনের প্রাণহানি এড়ানো গেছে। তবে উড়োজাহাজে থাকা কোনো ব্যক্তিগত মালামাল উদ্ধার করা যায়নি; আগুনে সব সরঞ্জাম ও ব্যাগেজ পুড়ে গেছে।

ঘটনার ভিডিও ও ছবি ইতোমধ্যে সামাজিক যোগাযোগমাধ্যমে ভাইরাল হয়েছে, যেখানে স্পষ্ট দেখা যায় উড়োজাহাজটি মাটি ছোঁয়ার সঙ্গে সঙ্গে আগুন জ্বলতে শুরু করে এবং কয়েক মুহূর্ত পর পুরো পেছনের অংশ দাউদাউ করে জ্বলতে থাকে।

